দৈনিক বাংলা

তারিখ 3/6/79

পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪

074

# বাজেটের বৈশিষ্ট্য

- রেকর্ড রাজস্ব উদ্বৃত্ত ৬০৮ কোটি টাকা।
- উন্নয়ন কর্মসূচীতে পুরোপুরি সরকারের সঙ্গে সম্পৃক্ত খাতে ৫৬০ কোটি ৩৭ লাখ টাকা বরাদ্দ।
- সার সরবরাহের লক্ষ্যমাত্রা বর্তমান বছরের চেয়ে আগামী বছর ২ লাখ টন বৃদ্ধি।
- সেচের অধীন এলাকা ৩৪.২৫ লাখ একর থেকে বাড়িয়ে ৩৯.৮৫ লাখ একর করা হবে।
- তুলা চাষের জমির পরিমাণ ৯ হাজার একর বৃদ্ধি।
- ঢাকা, চট্টগ্রাম ও খুলনায় শ্রমিকদের জন্য বহুতলবিশিষ্ট বাসভবন তৈরির কাজ শুরু হবে।
- নির্মাণ সেক্টরে শতকরা ১৭.৪ ভাগ প্রবৃদ্ধির সম্ভাবনা।
- শিল্পখাতে প্রবৃদ্ধির হার শতকরা ৮.৭ ভাগ—লক্ষ্যমাত্রা ছিল ৭.২ ভাগ।

# মাথাপিছু আয় ৭২৯ টাকা

(স্টাফ রিপোর্টার)

১৯৭২-৭৩ সালের স্থিরীকৃত মূল্যের ভিত্তিতে ১৯৭৮-৭৯ অর্থ-বছরে মোট জাতীয় আয় ৬৩৩৬ কোটি টাকা ও মাথাপিছু আয়ের পরিমাণ দাঁড়ায় ৭২৯ টাকা। একই হিসাবের ভিত্তিতে চলতি অর্থ-বছরে জাতীয় আয় শতকরা চার ভাগ ও মাথাপিছু আয় ২ দশমিক ৪ ভাগ বৃদ্ধি পাবে বলে আশা করা যায়। ১৯৭৭-৭৮

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## মাথাপিছু আয়

(১ম পৃঃ পর)

সালে কৃষিখাতে উৎপাদন বৃদ্ধির হার ছিল ৭ দশমিক ৪ এবং আলোচ্য অর্থ বছরে উৎপাদন বৃদ্ধির হার হচ্ছে মাত্র ১ দশমিক ৩ ভাগ। ফলে, মোট জাতীয় উৎপাদন বৃদ্ধিতে এই ঘাটতি দেখা দেয়। ১৯৭৮-৭৯ সালের অর্থনৈতিক সমীক্ষায় এই তথ্য দেয়া হয়।

আলোচ্য বছরে মোট জাতীয় আয়ের কৃষিখাত হচ্ছে ৫৫ দশমিক ২৩ ভাগ, শিল্প ৮ দশমিক ৪০, বাণিজ্য ৭ দশমিক ৪৭, নির্মাণ ৪ দশমিক ৯৭ ইত্যাদি।